



২৮ মার্চ ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের রুল জারি

আজ ২৮ মার্চ ২০১৭ মহামান্য হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশের নামে নারী ও পুরুষকে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় রুল জারি করেছেন। মহামান্য আদালত আগামী ৫/৪/১৭ তারিখ সকাল ১০:৩০ এ সোনালি ব্যাংক লিঃ চর লরেঙ্গ শাখার ম্যানেজারকে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, তিনি যেন চলমান হিসাব নম্বর ২০০০০০৬৪১, যা চরমার্টিন ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল নামে; চলমান হিসাব নম্বর ২০০০০০৩১৫ যা ৪নং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল নামে; বাংলাদেশ কৃষি ব্যাংকের তোরাবগঞ্জ বাজার শাখার ম্যানেজারকে চলমান হিসাব নং ৫৮৭৯ যা চরমার্টিন ইউনিয়ন পরিষদ নামে; চলমান হিসাব নং ৭৯ যা চরমার্টিন ইউনিয়ন পরিষদ বাজার তহবিল নামে; এবং চলমান হিসাব নম্বর ৮০ যা ৪ নং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ জন্ম নিবন্ধন তহবিল নামে হিসাবগুলোর লেজার বুক সহ ডিজিটাল ব্যাংক স্টেটম্যান্ট নিয়ে আদালতে সশরীরে উপস্থিত হতে বলেছেন। সোনালি ব্যাংক লিঃ এর চরলরেঙ্গ শাখার ম্যানেজারকে তার ইস্যুকৃত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পক্ষে গত ১৬/৩/১৭ তারিখের ব্যাংক স্টেটম্যান্ট এর ব্যাখ্যা এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের তোরাবগঞ্জ বাজার শাখার ম্যানেজারকে তার ইস্যুকৃত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পক্ষে গত ২১/৩/১৭ তারিখের ব্যাখ্যা প্রদান করতে নির্দেশ দেয়া হয়েছে। আগামী ৫/৪/১৭ তারিখে বিবাদী ৮ মোঃ ইউসুফ আলী মিয়া, চেয়ারম্যান চরমার্টিন ইউনিয়ন পরিষদ, কে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, তিনি যেন একটি এফিডেফিট ফাইল করে বলেন যে তিনি গত ১৩/২/১৭ তারিখে একটি চিঠির মাধ্যমে একজন আব্দুল করিমকে প্যানেল চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করেছেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে গত ১৩/৩/১৭ তারিখে একটি চিঠি প্রদান করেন এই মর্মে যে উনি গত ১৩/২/১৭ তারিখ সন্ধ্যা ৬ তায় তার বাবার চিকিৎসার জন্য ঢাকায় গিয়েছিলেন এবং আব্দুল করিমকে ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব প্রদান করেন।

উক্ত শুনানিতে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম, ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার, রাষ্ট্রপক্ষের ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব এ.এস.এম. নাজমুল হক উপস্থিত ছিলেন।

প্রেক্ষাপট: গত ৩১ ডিসেম্বর ২০১৬ ইং তারিখ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বহির্ভূত শাস্তি প্রদান করেন যা ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বিডি নিউজ ২৪.কম এ সংবাদ আকারে প্রকাশিত হয়। সেই তারিখে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার। উক্ত শুনানিতে রাষ্ট্রপক্ষের ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব এ.এস.এম. নাজমুল হক উপস্থিত ছিলেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd